

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫৫

১১. কিতাবুয় যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ আত্মসাতের মাল থেকে সাদাকাহ করলে, তা কবুল করা হয় না

ذِكْرُ نَفْيِ قَبْوِلِ الصَّدَقَةِ عَنِ الْمَرءِ إِذَا كَانَتْ مِنَ الْغُلُولِ

আরবী

3355 - أَخْبَرَنَا أَبْنُ الْجُنَيدِ بِيْسْتَ حَدَّثَنَا قُتَيْبَةُ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ سِمَاكٍ: عَنْ

مُصْعَبِ بْنِ سَعْدٍ قَالَ:

دَخَلَ أَبْنُ عُمَرَ عَلَى أَبْنِ عَامِرٍ يَعْوُدُهُ فَقَالَ: يَا أَبْنَ عُمَرَ أَلَا تَدْعُ لِي فَقَالَ أَبْنُ عُمَرَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا تُقْبِلُ صَلَاةً إِلَّا بِطَهُورٍ وَلَا صَدَقَةً مِنْ غُلُولٍ) وَقَدْ كُنْتَ عَلَى الْبَصَرَةِ.

الراوي : مُصْعَبِ بْنِ سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3355 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩৩৫৫. মুসআব বিন সাদ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহুকে অসুস্থতার সময় দেখতে যান, অতঃপর তিনি বলেন, “হে আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা, আপনি কি আমার জন্য দু'আ করবেন না?” তখন আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “ওয় ছাড়া সালাত কবুল করা হয় না এবং আত্মসাতের মাল থেকে সাদাকাহ কবুল করা হয় না।” আর আপনি তো বসরার গভর্নর ছিলেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২৪; তিরমিয়ী: ১; সুনান বাইহাকী: ৮/১৯১; মুসনাদ আবী আওয়ানা: ১/২৩৪; আত তায়ালিসী: ১৮৭৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮-৫; মুসনাদ আহমাদ: ২/১৯-২০; ইবনু মাজাহ: ২৭২; সহীহ ইবনু

খুয়াইমাহ: ৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৯১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুস‘আব ইবনু সাদ (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92688>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন